গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৪.২০২১/

/১৪২৮বঙ্গাব্দ।
তাং--------------------------
/২০২১খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ কৈফিয়ত তলব প্রসংগে।

যেহেতু, আপনি জনাব মোঃ কামাল মিয়া (পিতাঃ মোঃ হক মিয়া), অফিস সহায়ক, নার্সিং কলেজ, রাজশাহী (সাবেক কর্মস্থল নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা) কর্তৃক জনাব শাহিনুর পারভীন (পিতাঃ ইমাম হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সৈয়দপুর, নীলফামারী এর শৃঙ্খলা সংক্রান্ত অভিযোগ নিস্পত্তি করে দেয়ার বিষয়ে মোবাইল ফোনের মাধ্যমে তার নিকট অবৈধভাবে অর্থ দাবী করা হয়েছে। আপনা কর্তৃক অর্থ দাবীর বিষয়ে মোবাইল ফোনে কথোপকোতনের রেকর্ডিং ভয়েজ মহাপরিচালক মহোদয়ের মোবাইল ফোনে সংরক্ষণ আছে। উক্ত অর্থ দাবীর বিষয়ে মোবাইল ফোনে কথোপকোতনের বিষয়টি এ অধিদপ্তরের অনেকেই শুনেছেন। আপনা কর্তৃক এহেনভাবে জনাব শাহিনুর পারভীন (পিতাঃ ইমাম হোসেন), সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, সৈয়দপুর, নীলফামারী এর শৃঙ্খলা সংক্রান্ত অভিযোগ নিস্পত্তি করে দিবেন জানিয়ে অবৈধভাবে অর্থ দাবী করা সরকারী কর্মচারী শৃংখলা ও আচরণ বিধির পরিপন্থি ও যা শাস্তিযোগ্য অপরাধ।

সেহেতু, আপনি জনাব মোঃ কামাল মিয়া (পিতাঃ মোঃ হক মিয়া), অফিস সহায়ক, নার্সিং কলেজ, রাজশাহী (সাবেক কর্মস্থল নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা) কর্তৃক শৃঙ্খলা সংক্রান্ত অভিযোগ নিস্পত্তি করে দেয়ার কথা জানিয়ে মোবাইল ফোনে অবৈধভাবে অর্থ দাবী করার কারণে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এর কারণ এ পত্র জারীর ০৭(সাত) কর্মদিবসের মধ্যে তার স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে নিম্ন স্বাক্ষরকারী বরাবরে দাখিল করার জন্যে তাকে নির্দেশ প্রদান করা হলো।

(সিদ্দিকা আক্তার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd.

জনাব মোঃ কামাল মিয়া,
পিতাঃ মোঃ হক মিয়া
অফিস সহায়ক,
নার্সিং কলেজ, রাজশাহী।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯৪.২০২১/ ২৪৩/১(৫)

২৮/২ /১৪২৮বঙ্গাব্দ।
তাং--------------------------
০১/৬ /২০২১খ্রিষ্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অধ্যক্ষ, নার্সিং কলেজ, রাজশাহী।
৪। উপরিচালক(পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা(পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১/৬/২১

(মোঃ নাসির উদ্দিন)
(উপসচিব)
পরিচালক(প্রশাসন ও শৃঙ্খলা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,
মহাখালী, ঢাকা।